# উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২২/০২/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ১৮/০১/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃনং</th><th>দপ্তরের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা পরিষদ কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) জাইকা কাজের পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি বিলসমূহ নিম্নরূপ
<table>
<tr><th>ক্রম</th><th>বিজ্ঞপ্তি নং ও তারিখ</th><th>পত্রিকার নাম</th><th>মোট বিল</th></tr>
<tr><td>০১</td><td>বিজ্ঞপ্তি নং-০৬/২৩-২৪, তাং-১৭/১০/২০২৩ (জাইকা/২৩-২৪)</td><td>প্রথম আলো</td><td>২৪,৮৪০/-</td></tr>
<tr><td>০২</td><td>বিজ্ঞপ্তি নং-০৬/২৩-২৪, তাং-১৭/১০/২০২৩ (জাইকা/২৩-২৪)</td><td>Daily Morning Glory</td><td>১০,৪৮৮/-</td></tr>
</table>
উক্ত ০২টি পত্রিকার বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র কার্যালয় হতে ০৪/০২/২০২৪ খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০১.২৪-৯৮ নং স্মারকে জারীকৃত কয়রা উপজেলার বাংলা ১৪৩১ সনে হাট-বাজার ইজারার নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি বিলের জন্য বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ভয়েস অফ টাইগার, ৬৪, লোয়ার যশোর রোড, খুলনা হতে ৩য় পাতার ০৬ মোট (১১X৩)= ৩৩" ইঞ্চির পরিমাণে কলাম প্রতি ৩৩০/- টাকা হারে মোট ১০,৮৯০/- (দশ হাজার আটশত নব্বই) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ১,৬৩৩.৫০/- (এক হাজার ছয়শত তেত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) সর্বমোট মূল্য (১০,৮৯০+১,৬৩৩.৫০)= ১২,৫২৩.৫০ (বারো হাজার পাঁচশত তেইশ টাকা পঞ্চাশ পয়সা) টাকার বিল দাখিল। বিলটি ভ্যাট সহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র কার্যালয় হতে ০৪/০২/২০২৪ খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০৩.২৪-৯৭ নং স্মারকে জারীকৃত কয়রা উপজেলার বাংলা ১৪৩১ সনে খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডসমূহের ইজারার নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি বিলের জন্য বিজ্ঞাপন ব্যবস্থাপক, "দৈনিক গ্রামের কাগজ" প্রধান ডাকঘরের সামনে, যশোর-৭৪০০ হতে (৪"X১৪")= মোট ৫৬" ইঞ্চি বিজ্ঞাপনের জন্য নীট ২৭,৪৪০/- (সাতাশ হাজার চারশত চল্লিশ) টাকা, বিলের ১৫% ভ্যাট ৪,১১৬/- (চার হাজার একশত ষোল) টাকা, বিলের সার্ভিস চার্জ ২% ৫৪৮/- (পাঁচশত আটচল্লিশ) টাকা সর্বমোট</td><td>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) জাইকার কাজের পত্রিকায় প্রকাশিত ০২টি পত্রিকার বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মাতিক্রমে কয়রা উপজেলার বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি বিলের জন্য বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ভয়েস অফ টাইগার, ৬৪, লোয়ার যশোর রোড, খুলনা এর মোট ১০,৮৯০/- (দশ হাজার আটশত নব্বই) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ১,৬৩৩.৫০/- (এক হাজার ছয়শত তেত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) সর্বমোট মূল্য (১০,৮৯০+ ১,৬৩৩.৫০)= ১২,৫২৩.৫০ (বারো হাজার পাঁচশত তেইশ টাকা পঞ্চাশ পয়সা) টাকার বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলার বাংলা ১৪৩১ সনের খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি বিলের জন্য বিজ্ঞাপন ব্যবস্থাপক, " "দৈনিক গ্রামের কাগজ" প্রধান ডাকঘরের সামনে, যশোর-৭৪০০ পত্রিকা বিল</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা।</td></tr>
</table>

চলমান পাতা- ০২

| | | | | |
|---|---|---|---|---|
| | | (২৭,৪৪০+৪,১১৬+৫৪৮) = ৩২,১০৪/- (বত্রিশ হাজার একশত চার) টাকার বিল দাখিল করেছেন। বিলটি ভ্যাট সহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাড ও স্টেডিয়ামের জমি বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হয়। | ১৫% ভ্যাট ও ২% সার্ভিস চার্জসহ সর্বমোট (২৭,৪৪০+৪,১১৬+৫৪৮) = ৩২,১০৪/- (বত্রিশ হাজার একশত চার) টাকার বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাড ও স্টেডিয়ামের জমি উন্মুক্ত ডাকের মাধ্যমে বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় ফেব্রুয়ারি/২০২৪ মাসের তথ্য উপস্থাপন করেন চলতি বোরো মৌসুমে বোরো বীজতলা ও রোপন কার্যক্রম চলমান রয়েছে। রবি মৌসুমে বোরো বীজতলা সহ সরিষা গম, ভুট্টা, সূর্যমুখী, পেঁয়াজ ও শীতকালীন সবজি রোপন ও বপন চলমান। এছাড়া বিভিন্ন প্রকল্প ভুক্ত প্রদর্শনী স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। ০.১০ শতাংশ জমি অনাবাদী থেকে আবাদের আওতায় এসেছে।<br><br>জৈব সারের উৎপাদন বৃদ্ধির জন্য ১০ জন উদ্যোক্তা তৈরি করা হয়েছে। এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৩টি গ্রুপ তৈরি করা হয়েছে।<br><br>পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।<br><br>উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ১৫০টি কৃষিকথা বই বিতরন করা হয়।<br><br>সঠিক সার নিরুপনের জন্য মাটি পরীক্ষার জন্য ২৩ কৃষকের নমুনা প্রেরন করা হয়েছে।<br><br>কৃষক প্রশিক্ষন ও উঠান বৈঠকের মাধ্যমে ২৭০ জন কৃষকের প্রশিক্ষন প্রদান করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ফিয়াক সেন্টার হতে ৫৩০ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান গবাদী পশু ও হাঁস মুরগির টিকা প্রদান কার্যক্রম চলমান। গবাদী পশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। গবাদী পশু ও হাঁস মুরগির চিকিৎস্য প্রদান কার্যক্রম চলমান। প্রাণি পুষ্টির মান উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনিধি সভার জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

চলমান পাতা- ০৩

<table>
<tr>
<td>০৭</td>
<td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td>
<td>(ক) উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা সভায় জানা যায় যে, ২০২৩-২৪ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় গত ১৮/০৯/২০২৩ ইং তারিখে মাসিক সাধারণ সভায় অনুমোদিত ক্রমিক নং ১০, ১৭, ৩৫, ২৭, ৩০ নং প্রকল্পসমূহ সংশোধনের জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ আবেদন করেন। উক্ত স্কীম সমুহ স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দাখিল কৃত সংশোধিত স্কীম অনুমোনের সভায় পেশ করেন। যাহা নিম্নরুপ।
<table>
<tr><th>ক্র নং</th><th>ইউনিয়নের নাম</th><th>পূর্বের গৃহিত প্রকল্প</th><th>সংশোধিত স্কিম</th></tr>
<tr><td>১।</td><td>বাগালী</td><td>বামিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট।</td><td>বাঁশখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ইটের সোলিং হতে নারানপুর দোয়ানী অভিমুখে রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>২।</td><td>মহেশ্বরীপুর</td><td>দঃ হড্ডা ননিগোপাল সরদারের বাড়ি হতে খাঁ পাড়া অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।</td><td>জাহাঙ্গীর শিকারীর ঘেরে জমির মাথা হতে ওয়াপদা রাস্তা অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>৩।</td><td>মহারাজপুর</td><td>শিমলার আইট আঃ রহমান এর বাড়ি হতে রফিকের দোকান অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।</td><td>লক্ষীখোলা সিরাজ সরদার এর বাড়ি হইতে মাদারবাড়ীয়া বটতলা অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>৪।</td><td>দঃ বেদকাশী</td><td>হলুদ বুনিয়া গ্রাম ধান চাষের জন্য গভীর নলকুপ স্থাপন।</td><td>পাতাখালী গ্রামে ধান চাষের জন্য গভীর নলকুপ স্থাপন।</td></tr>
<tr><td>৫।</td><td>দঃ বেদকাশী</td><td>গোলখালী ইউনুছ গাজীর বাড়ী হইতে কোষ্টগার্ড অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।</td><td>ছোট আংটি হারা খালেক গাজীর বাড়ী হইতে অজিয়ার গাজীর বাড়ি ইটের সোলিং দ্বারা সংস্কার।</td></tr>
</table>
</td>
<td>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় গত ১৮/০৯/২০২৩ ইং তারিখে মাসিক সাধারণ সভায় অনুমোদিত ক্রমিক নং ১০, ১৭, ৩৫, ২৭, ৩০ নং প্রকল্পসমূহ সংশোধনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা।</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানুয়ারি/২০২৪ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>সেবার নাম</th><th>মোট</th></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৬৭১ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩,২২৫ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৬.০৮%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০ জন সর্বমোটঃ ০ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ১৩ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ৪৩ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪,৩০০ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২১,১২১ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>২,০৮৪ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>১৭০৯ জন</td></tr>
<tr><td>এএনসি</td><td>২৬৪জন</td></tr>
<tr><td>পিএনসি</td><td>৩৯ জন</td></tr>
<tr><td>ডেলিভারি</td><td>UH&FWC : ০১ জন ও সিএসবিএ কর্তৃক: ০১ জন সর্বমোট: ০২ জন।</td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

| | |
|---|---|
| জীবিত জন্ম | ০২ জন |
| মাতৃমৃত্যু | ০ জন |
| শিশু মৃত্যু | ০ জন |
| শিশু স্বাস্থ্য সেবা | |
| কেন্দ্র | ৫০৫ জন |
| কেন্দ্রের বাহিরে | ৭০ জন |
| সাধারণ রোগী | ২৩৪৯ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানুয়ারি/২০২৪ মাসের মাসিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। | -- | -- |

০১. আর্থ-সামাজিক কার্যক্রম সমূহ:

| ক্র:নং | খাতের নাম | বিনিয়োগের পরিমাণ | পুন বিনিয়োগের পরিমাণ | আদায়কৃত |
|---|---|---|---|---|
| ১ | আর এস এস | -- | ১,৫০,০০০/- | ৩,৬৭,৪০৪/- |
| ২ | আর এম সি | -- | -- | ৮৬,৬২৫/- |
| ৩ | দ্বগ্ধ ও প্রতিবন্ধী | -- | -- | ১৩,৭৫০/- |

০২. সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমূহ:

| ক্র:নং | ভাতার নাম | মোট ভাতাভোগী | পে রোল প্রদান ১ম কিস্তি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা | ১২,৬৪১ জন | ১২,৫৬৪ জন | |
| ২ | বিধবা ভাতা | ৫,১২০ জন | ৫,১১৮ জন | |
| ৩ | প্রতিবন্ধী ভাতা | ৩,৭৪৭ জন | ৩,৭৪৩ জন | |
| ৪ | অনগ্রসর বিশেষ বয়স্ক ভাতা | ৪০ জন | ৩৯ জন | |
| ৫ | হিজড়া বিশেষ বয়স্ক ভাতা | ০৪ জন | ০ জন | |
| ৬ | প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি | ১৯৯ জন | ৭৫জন | |
| ৭ | অনগ্রসর জনগোষ্ঠির শিক্ষা উপবৃত্তি | ৪৪ জন | ৪৪ জন | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ১২/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৯ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর | -- | -- |

<table>
<tr><td></td><td></td><td>ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭১,৪৯৭/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৩১৪/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৫ম ধাপের) ৬০ টি গভীর নলকূপ ও ১২২ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর স্থাপন কাজ চলমান রয়েছে। পাইকগাছা কয়রা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পে ১৭৫০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং, ২৫০ টি গভীর নলকূপ ০৪ টি পাবলিক টয়লেট এর কাজ শেষ পর্যায়ে। উপকূলীয় অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে ১১৭০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ চলমান রয়েছে। ৪র্থ ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপনের কাজে ৯৬ টি রেইনওয়াটার হার্ভেস্টিং ও ১ টি গভীর নলকূপ স্থাপন সমাপ্ত হয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা ফেব্রুয়ারি/২০২৪ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৩০</td><td>৩৬০</td><td>৯১৫৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>০</td><td>১২৭০০০০/-</td><td>২,১০,৮১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৫%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>০</td><td>৩৩</td><td>৩৫০৯ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা ফেব্রুয়ারি/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন: শেয়ার আদায় ১৬,০০০/- টাকা, সঞ্চয় আদায় ২,২৪,০০০/- টাকা, ঋণ আদায় ৩১,০১,০০০/- টাকা, ঋণ বিতরণ ৩৩,৫৬,০০০/- টাকা, ঋণ গ্রহণকারী পুরুষ ৫৫ জন ও মহিলা ৭৮ জন, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ৮০,৫৩,০০০/- টাকা, মাঠে ঋণ পাওনা ৫,২৪,১৩,০০০/- টাকা। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | জনাব এস, এম শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ হতে জানুয়ারি/২০২৪ পর্যন্ত ০৭(সাত) মাসের ভ্রমণ ভাতা বিল। | ৫২,২৫৯/- |
| ০৫. | জনাব কমলেশ কুমার সানা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ হতে জানুয়ারি/২০২৪ পর্যন্ত ০৭(সাত) মাসের ভ্রমণ ভাতা বিল। | ৪৬,৬৪৯/৭৫ |
| ০৬. | জনাব নাসিমা আলম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ হতে জানুয়ারি/২০২৪ পর্যন্ত ০৭(সাত) মাসের ভ্রমণ ভাতা বিল। | ৪৪,৩২৪/- |
| ০৭. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৭/- |
| ০৯. | উপজেলা পরিষদ মালীর জানুয়ারি/২০২৪ মাসের মজুরী বিল। | ১০,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদ সুইপারের জানুয়ারি/২০২৪ মাসের মজুরী বিল। | ১১,১০০/- |
| ১১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর জানুয়ারি/২০২৪ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ৩০,১৬৭/- |
| ১২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ের জুলাই/২০২৩ হতে জানুয়ারি/২০২৪ পর্যন্ত ০৭ (সাত) মাসের ইন্টারনেট ব্যয় বিল। | ১০,৫০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-১০ (৪৫)

তারিখঃ ২২-০২-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান..................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

২২.০২.২০২৪

বি. এম. তারিক-উজ-জামান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd